

দুই মাসেরও কম সময়ের মধ্যে এসএসসির ফল প্রকাশিত হচ্ছে : শিক্ষা উপদেষ্টা

অনলাইন ডেক্স



সংগৃহীত ছবি

শিক্ষা উপদেষ্টা ড. সি আর আবরার বলেছেন, ‘দুই মাসেরও কম সময়ের মধ্যেই কোনো বাহ্যিক ছাড়াই সব বোর্ডের এসএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ করা হচ্ছে।’

বুধবার (৯ জুলাই) মন্ত্রণালয়ের অফিসকক্ষে এসএসসি ও সমমানের পরীক্ষা-২০২৫-এর ফল প্রকাশ নিয়ে এক আলোচনায় উপদেষ্টা এ মন্তব্য করেন।

শিক্ষা উপদেষ্টা বলেন, এবারের এসএসসি পরীক্ষার ফল হস্তান্তরের ক্ষেত্রে কোনো আনুষ্ঠানিকতা থাকছে না। ৯টি সাধারণ শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা বোর্ড ও মাদরাসা শিক্ষা বোর্ড এসএসসি ও সমমান পরীক্ষা-২০২৫-এর ফল নিজেদের মতো করে প্রকাশ করবে।

গত ১০ এপ্রিল ৯টি সাধারণ শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা বোর্ড ও
মাদেরাসা শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি ও সমমানের পরীক্ষা
শুরু হয়। গত ১৩ মে পরীক্ষা শেষ হয়েছিল। ১৯ লাখের বেশি
শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেছে।